

এমপিওভুক্ত শিক্ষকদের ঈদ বোনাস নিয়ে বড় সুখবর

অনলাইন ডেস্ক



সংগৃহীত ছবি

পবিত্র ঈদুল ফিতরের আনন্দ বাড়িয়ে দিতে সুখবর পেলেন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রায় চার লাখ শিক্ষক-কর্মচারী। তাদের উৎসবভাতা বা ঈদ বোনাসের প্রস্তাবে চূড়ান্ত অনুমোদন দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সব প্রক্রিয়া ঠিক থাকলে আগামী রবিবার (১৫ মার্চ) থেকেই শিক্ষক-কর্মচারীদের ব্যাংক অ্যাকাউন্টে বোনাসের টাকা জমা হতে শুরু করবে।

গা পড়ুন



নতুন রাজনৈতিক দল গঠনের উদ্যোগে সংবাদ সম্মেলন

জানা গেছে, গত মঙ্গলবার শিক্ষক-কর্মচারীদের
ঈদ বোনাস সংক্রান্ত প্রস্তাবে অনুমোদন দেয়
শিক্ষা মন্ত্রণালয়।

এরপর তা ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফারের
(ইএফটি) মাধ্যমে অর্থ ছাড়ের জন্য আইবাস
ডাবল প্লাস সফটওয়্যারে পাঠিয়েছে মাধ্যমিক ও
উচ্চশিক্ষা অধিদপ্তর।

পড়ুন



কাগজের নৌকায় নতুন স্বপ্ন

বর্তমানে অর্থ ছাড়ের প্রক্রিয়া রয়েছে বাংলাদেশ
ব্যাংকে। সেখান থেকে অর্থ ছাড় হলেই শিক্ষক-
কর্মচারীদের নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে ঈদ
বোনাস বা উৎসবভাতার টাকা চলে যাবে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর ও শিক্ষা
মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এবার মোট ৩ লাখ
৮৯ হাজার ৭৯৩ জন শিক্ষক-কর্মচারীর জন্য
ঈদ বোনাস বাবদ ৪৫৩ কোটি ২২ লাখ ৭
হাজার ৪২৬ টাকা ছাড় করা হয়েছে।